গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৫

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নে বিএলআরআই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে এবং ২০২০-২১ অর্থ বছরের নতুন ২ টি প্রযুক্তিসহ বিগত ৩ বছরে মোট ৯ টি প্রযুক্তি উদ্ভাবিত হয়েছে। এসব প্রযুক্তি উদ্ভাবনের ফলে প্রাণিসম্পদের পালন ব্যবস্থাপনার উৎকর্ষ সাধন ও উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

জনবলের অপ্রতুলতা, মানসম্পন্ন প্রাণী ও পোল্ট্রি খাদ্যের অপ্রতুলতা ও উচ্চমূল্য, আধুনিক ল্যাব যন্ত্রাপাতির অভাব, বাজেট ঘাটতি, প্রকল্প অনুমোদনে দীর্ঘ সূত্রিতা ইত্যাদি গবেষণা কাজের মূল অন্তরায়। এসডিজি লক্ষ্যমাত্রা অর্জন, জলবায়ু পরিবর্তনের অভিঘাত মোকাবেলায় দেশীয় আবহাওয়া উপযোগী প্রাণী ও ঘাসের জাত উন্নয়ন, নিত্যনতুন রোগসমূহের প্রতিরোধ ও প্রতিকার কৌশল উদ্ভাবন, প্রাণিসম্পদের মূল্য সংযোজিত পণ্য উৎপাদন সর্বোপরি প্রাণীজ আমিষের চাহিদ পূরণে সহযোগিতা করা অত্র ইনস্টিটিউটের জন্য প্রধান চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

রূপকল্প ২০৪১ ও টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যমাত্রা অর্জনে অত্র ইনস্টিটিউট স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বিভিন্ন পরিকল্পনা হাতে নিয়েছে। জলবায়ু পরিবর্তনের প্রেক্ষিতে গবাদিপ্রাণির খাদ্যের উৎপাদন হ্রাস পাচ্ছে, ইমার্জিং, রি-ইমার্জিং ও জুনোটিক রোগের প্রাদুর্ভাব ঘটছে, এমনকি প্রাণীর জীববৈচিত্রের পরিবর্তন ঘটায় প্রাণীর উৎপাদন দক্ষতা হ্রাস পাচ্ছে। এ সকল সমস্যা নিরসনের লক্ষ্যে দেশীয় আবহাওয়া উপযোগী গরু/মহিষ/ছাগল/ভেড়া/পোল্ট্রির অধিক উৎপাদনশীল জাত উদ্ভাবন করা, জলবায়ু পীড়ণ সহিষ্ণু (লবনাক্ততা ও খরা) ঘাসের জাত উদ্ভাবন করা এবং বর্তমান বিশ্ব করোনা পরিস্থিতিতে বাংলাদেশের প্রাণিসম্পদ শিল্পে করোনা ভাইরাসের (Covid-19) প্রভাব বিষয়ে গবেষণা বাস্তবায়ন করা এবং নির্মল বায়ু উৎপাদনে সমন্বিত প্রাণিসম্পদ ম্যানিউর ব্যবস্থাপনা কৌশল উদ্ভাবন করতে হবে। এছাড়া, নিরাপদ প্রাণীজ প্রোডাক্ট/বাই-প্রোডাক্ট তৈরী, সংরক্ষণ এবং মূল্য সংযোজন পদ্ধতি উদ্ভাবন করা, মানসম্পন্ন প্রাণী ও পোল্ট্রির খাদ্য উৎপাদন কৌশল উদ্ভাবন করা।

২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- প্রাণিসম্পদ উন্নয়নের লক্ষ্যে ৩০ টি গবেষণা কার্যক্রম বাস্তবায়ন
- ২ টি প্রযুক্তি উদ্ভাবন
- ২ টি প্রযুক্তি হস্তান্তর
- মানব সম্পদ উন্নয়নে ৬৫০ জন খামারী/উদ্যোক্তাদের প্রশিক্ষণ
- ২৫০ জন কর্মকর্তা/কর্মচারী/সম্প্রসারণ কর্মকর্তাদের প্রশিক্ষণ
- ৭০০ জন খামারী/উদ্যোক্তাদের পরামর্শ প্রদান
- ডেইরী খামারীদের জন্য প্রযুক্তি সম্প্রসারণের অংশ হিসেবে উন্নত প্রযুক্তি ব্যবহার সংক্রান্ত কার্যক্রম

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

এবং

সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

প্রাণিসম্পদের উন্নয়নে জাতীয় চাহিদার নিরীখে গবেষণা পরিচালনা ও প্রযুক্তি উদ্ভাবন

১.২ অভিলক্ষ্য (Mission)

নিরাপদ প্রাণীজ আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে গবেষণার মাধ্যমে প্রাণিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা

২. প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর

৩. মানবসম্পদ উন্নয়ন

৪. প্রাণিসম্পদ/ঘাসের জাতসংরক্ষণ ও উন্নয়ন

৫. বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে বিশেষ কার্যক্রম হিসেবে ডেইরী খামারীদের জন্য প্রযুক্তি সম্প্রসারণের অংশ হিসেবে উন্নত প্রযুক্তি ব্যবহার সংক্রান্ত কার্যক্রম

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. প্রাণিসম্পদের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গবেষণা কার্যক্রম বাস্তবায়নের জন্য গবেষণা কার্যক্রম পরিচালনা

২. জাত উন্নয়ন ও গবেষণার নিমিত্ত প্রাণিসম্পদের জাত ও ঘাসের জার্মপ্লাজম সংরক্ষণ

৩. প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে টেকসই প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর

৪. মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে খামারী/উদ্যোক্তা/কর্মকর্তা/কর্মচারী/এনজিও কর্মী/সম্প্রসারণ কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান এবং খামারী/উদ্যোক্তাগণকে প্রাণিসম্পদ সম্পর্কিত পরামর্শ সেবা প্রদান

৫. বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে বিশেষ কার্যক্রম হিসেবে ডেইরী খামারীদের জন্য প্রযুক্তি সম্প্রসারণের অংশ হিসেবে উন্নত প্রযুক্তি ব্যবহার সংক্রান্ত কার্যক্রম

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা ২০২১-২২	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২২-২০২৩	২০২৩-২০২৪		
মাংস, ডিম ও দুধের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গবেষণা কার্যক্রম	বাস্তবায়িত গবেষণা কার্যক্রম	সংখ্যা	৪০	৪০	৩০	৩০	৩০	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ	বিএলআরআই এর বার্ষিক প্রতিবেদন, গবেষণা প্রকল্পসমূহর সার-সংক্ষেপ ত্রৈমাসিক প্রতিবেদন
	সংরক্ষিত প্রাণীর জাত	সংখ্যা	৩৩	৩৫	৩৬	৩৬	৩৭	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ	বিএলআরআই এর বার্ষিক প্রতিবেদন, ত্রৈমাসিক প্রতিবেদন, রেজিস্ট্রার খাতা
	উদ্ভাবিত প্রযুক্তি	সংখ্যা	৩	২	২	২	২	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ	বিএলআরআই এর বার্ষিক প্রতিবেদন, ত্রৈমাসিক প্রতিবেদন
	হস্তান্তরিত প্রযুক্তি	সংখ্যা	৪	৩	২	২	২	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, সরকারী ও বেসরকারী সংস্থা সমূহ	বিএলআরআই এর বার্ষিক প্রতিবেদন, ত্রৈমাসিক প্রতিবেদন

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা